FEB. 6 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ৬ ......

দৈনিক জনকণ্ঠ

# ভুয়া সার্টিফিকেটে শিক্ষকতা
# কলাপাড়ায় জামায়াত নেতার বিরুদ্ধে মামলা

কলাপাড়া, ৫ ফেব্রুয়ারি, নিজস্ব সংবাদদাতা ॥ জামায়াতে ইসলামী কলাপাড়া উপজেলার সাবেক আমীর আশরাফ হোসেনের বিরুদ্ধে জাল সার্টিফিকেটে কলেজে শিক্ষকতা করার অভিযোগে দুর্নীতি দমন বিভাগ কলাপাড়া থানায় একটি মামলা দায়ের করেছে। মামলার বাদী দুর্নীতি দমন ব্যুরোর পটুয়াখালীর পরিদর্শক আব্দুর রহিম জোয়ারদার। মামলাটি ৪২০/৪৬৭/৪৬৮ ও ৪৭১ ধারায় রেকর্ড হয়। মামলা নম্বর ২৩/২০০১।

মামলায় বলা হয়েছে, আশরাফ হোসেন ১৯৮৩ সালের বিএ অনার্স এবং '৮৪ সালের এমএ ইংরেজী বিষয়ে দ্বিতীয় বিভাগে পাসের দু'টি জাল সনদপত্র দাখিল করে স্থানীয় মোজাহার উদ্দিন বিশ্বাস কলেজে ইংরেজী বিষয়ে প্রভাষক পদে ১-১০-৯১ থেকে ৮-৯-৯৯ পর্যন্ত চাকরি করেন। দীর্ঘ আট বছর চাকরি করে তিনি সরকারী এবং কলেজ থেকে বেতনভাতা বাবদ মোট ৪ লাখ ৪৩ হাজার ৫৭ টাকা ৫২ পয়সা উত্তোলন করেন।

এ বিষয়ে কিছুটা জানাজানি হলে সেপ্টেম্বর '৯৯ মাসে স্বেচ্ছায় চাকরি থেকে কৌশলে অব্যাহতি নেন।

গত মার্চ মাসে দুর্নীতি দমন ব্যুরো, পটুয়াখালীতে একটি অভিযোগ দাখিল হয়। দুর্নীতি দমন বিভাগ দীর্ঘদিন তদন্ত শেষে ৩০ জানুয়ারি কলাপাড়া থানায় একটি মামলা দায়ের করে। জাল সার্টিফিকেটে শিক্ষকতা করছেন জামায়াত নেতা— এ সংক্রান্ত একটি সংবাদ ১১ সেপ্টেম্বর দৈনিক জনকণ্ঠে প্রকাশিত হয়। তখন এলাকায় ব্যাপক আলোচনা হয় বিষয়টি নিয়ে। এদিকে মামলা দায়েরের পরও ঐ জামায়াত নেতাকে কলাপাড়ায় ঘুরতে দেখেছে মানুষ।